



স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫-৮৮২

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৭
১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ- মালয়েশিয়া হতে একদিন বয়সী **Arbor Acres Parent Stock Broiler** জাতের মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ New Hope Farms Bangladesh Ltd.এর আবেদন পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে মালয়েশিয়া হতে Invoice no: CBGPS 0361/PS Date:02.07.2021-এ বর্ণিত ১,৫০,৭২৪ Arbor Acres Parent Stock Broiler জাতের মুরগির বাচ্চার আমদানির অনুমতি প্রদান করা হয়েছিল (যাহার স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫-৭২১ তারিখঃ ০৯/০৮/২০২১ইং)। আপনার ১২/০৯/২০২১ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে ১,৫০,৭২৪ টি বাচ্চার মধ্যে হতে ৬ষ্ঠ পর্যায়ে সর্বমোট= ২১,৫৩২(একুশ হাজার পাঁচশত বত্রিশ) টি প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৮/১২/২০২১ ইং তারিখের মধ্যে আমদানীর অনুমতি প্রদান করা হয়েছিল। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে বাচ্চা আমদানি কররিতে না পারায় ১৯/০১/২০২২ ইং তারিখের আবেদন পত্রে সময় বৃদ্ধিকরার জন্য আবেদন করেন। আমদানি কারক প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নিম্ন বর্ণিত শর্তে আগামী ১৯/০২/২০২২ ইং তারিখ পর্যন্ত বাচ্চা আমদানির সময় বৃদ্ধি করা হল।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগীর বাচ্চা "সংক্রামক রোগমুক্ত" এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/রাষ্ট্রীয় কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এ প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানী করতে হবে এবং এই আমদানীর মেয়াদ আগামী ১৯/০২/২০২২ ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি'র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নিদ্বারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা কে অবহিত করতে হবে।



২০/১/২০২২ ইং

(ডাঃ পল্লব কুমার দত্ত)
উপপরিচালক (এইচ.আর.ডি)
পক্ষে-মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
adtraining.dls@gmail.com

২০/১/২০২২ ইং

মিঃ মাওঃ

Executive Director

New Hope Farms Bangladesh Ltd

(Poultry Breeder Farm Unit-03)

(Factory Add: Betbari, Soaitpur, Fulbaria, Mymensing).

কার্যার্থে জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
 - ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ।
 - ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।
 - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ময়মনসিংহ। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।
 - ৫। কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
 - ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ-
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 ২. অফিস